

একটি হাসপাতালের ব্যবস্থাপনায় বিশেষজ্ঞ চিকিৎসক এর চিকিৎসা করে থাকেন। চিকিৎসার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে জীবনরক্ষাকারী দৈহিক কাজকর্মগুলিতে সহায়তা সেই সঙ্গে সংক্রমণ ছড়িয়ে পড়া নিয়ন্ত্রণের জন্য অ্যান্টিবায়োটিক ওষুধ।

- সংক্রমণ নিয়ন্ত্রণের জন্য অ্যান্টিবায়োটিক দেওয়া হয়।
- সাধারণত, বিমক্রিয়া বা বিমক্রিয়াজনিত অভিঘাতে আক্রান্ত ব্যক্তিদের IV তরল বা অক্সিজেন দ্বারা চিকিৎসা করা হবে।
- প্রত্যেক ব্যক্তির উপসর্গ অনুযায়ী ওষুধ দেওয়া হয় যেমন: রক্তচাপ নিয়ন্ত্রণের জন্য ওষুধ, রক্তে উচ্চ শর্করার জন্য ইনসুলিন, প্রদাহ কমানোর জন্য কন্ট্রিকোস্টেরয়েড এবং ব্যথা কমানোর জন্য ওষুধ।
- সংক্রমণ ও জটিলতা নিয়ন্ত্রণের জন্য যেমন প্রয়োজন সেই মতো ঘটনা ভিত্তিকভাবে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেওয়া হয়।
- স্বাভাবিক কাজকর্ম বজায় রাখা ও ফিরে পেতে সহায়তার জন্য উপাচারের পরামর্শ দেওয়া হয়।
- যদি স্বসনতন্ত্র আক্রান্ত হয়, তাহলে যান্ত্রিকভাবে বায়ুচলাচল ব্যবস্থার প্রয়োজন হতে পারে।

## আরোগ্যলাভ

বিমক্রিয়া থেকে আরোগ্যলাভ হতে পারে। বহু মানুষই বাড়তি কোন ত্রুটি ছাড়াই আরোগ্যলাভ করেন। বিমক্রিয়া থেকে সেদে ওঠা কিছু ব্যক্তির ক্ষেত্রে বিমক্রিয়ায় ক্ষতিগ্রস্ত হওয়া কোষকলা ও অঙ্গের নিরীখে দীর্ঘকালীন আরোগ্যের চাহিদা থাকবে। অঙ্গের প্রান্তভাগগুলিতে যদি গুরুতর আঘাত লাগে, তাহলে সংশ্লিষ্ট অংশটি কেটে বাদ দেওয়া হতে পারে। কিছু কিছু রোগীর মধ্যে আঘাত-উত্তর মানসিক চাপের রোগলক্ষণ ঘটতে পারে, যা একটি মানসিক অবস্থা, যা বিমক্রিয়ায় আক্রান্ত হবার ঘটনার মানসিক আঘাতের ফল।

নাম:

## চিকিৎসার ইতিহাস

মূলগত রক্তচাপ:

মূলগত শারীরিক তাপমাত্রা:

আঘাতের স্ফায়ুবিজ্ঞানগত অবস্থান:

প্রাথমিক বাহ্যুপরিচর্যা প্রদানকারী:

ফোন নম্বর:

অ্যালার্জি:

## জ্বরীকালীন যোগাযোগ

জ্বরীকালীন পরিস্থিতিতে কল করুন:

সম্পর্ক:

ফোন নম্বর:

এই প্রকল্পটি আর্থনিকভাবে, বাহ্যু ও মানবসেবা বিভাগ, ওয়াশিংটন ডি.সি. 20201-এর অধীনস্থ ইউ.এস. আর্জমেন্টেশন ফর কমিউনিটি লিঙ্ক থেকে গ্রান্ট অর্জন নং 90PR3002 দ্বারা সহায়তাপ্রাপ্ত। যে সব অসুস্থতার কারণে সরকারি সাহায্যপ্রাপ্ত প্রকল্পটি হতে নিচ্ছেন তাঁদের স্বাধীনভাবে নিজ-নিজ অসুস্থতান ও সিদ্ধান্তগুলিকে ব্যক্ত করার জন্য উৎসাহিত করা হচ্ছে। পৃষ্ঠিভঙ্গি বা মতামতগুলিতে, অতএব, আর্জমেন্টেশন ফর কমিউনিটি লিঙ্ক-এর আনুষ্ঠানিক নীতিগুলির প্রতিক্রিয়া থাকতে হবে এমনিটি নয়।



## এটা কী

বিমক্রিয়া একটি জীবন সংশয়কারী অবস্থা যা তখন হয় যখন আপনার শরীর কোন একটি সংক্রমণের প্রতিক্রিয়াস্বরূপ নিজের কোষকলা ও অঙ্গগুলিকে ক্ষতিগ্রস্ত করে। বিমক্রিয়া থেকে অভিঘাত, একাধিক অঙ্গের বিকলতা এবং মৃত্যু হতে পারে-বিশেষত তা যদি চিহ্নিত ও চিকিৎসা না করা হয়। যে সব ব্যক্তির পক্ষাঘাত/মেরুদণ্ডে আঘাত রয়েছে তাদের মূত্রনালীতে (খলিতে) সংক্রমণ, নিউমোনিয়া হিসেবে, অথবা একটি ঘা, প্রেশার আলসার বা অন্য কোন সংক্রমণ হিসেবে সংক্রমণের শুরুটা হতে পারে। সংশ্লিষ্ট সংক্রমণটিকে যদি স্থানীয়ভাবে নিয়ন্ত্রিত না করা হয়, তাহলে সেটি সারা শরীরে ছড়িয়ে পড়তে পারে। তারপর বিমক্রিয়ার রোগনির্ণয়টা হয়। বিমক্রিয়াজনিত অভিঘাত হল একটি তীব্র বিমক্রিয়ার অবস্থা যাতে রক্তচাপ কমে যায় যা থেকে অঙ্গবিকলতা ঘটতে পারে। বিমক্রিয়া ও বিমক্রিয়াজনিত অভিঘাত দুই-ই জীবন সংশয়কারী। কোন কোন সময় বিমক্রিয়াকে রক্তে বিমক্রিয়া বা সিস্টেমিক ইনফ্যামেটরি রেসপন্স সিন্ড্রোম (SIRS) বলা হয়ে থাকে।

শরীরে সংক্রমণ ছড়িয়ে পড়ার কারণে বিমক্রিয়ার সৃষ্টি হতে পারে, যে সংক্রমণ কোন অস্ত্রোপচার বা যন্ত্রদ্বারা চিকিৎসা প্রক্রিয়া অথবা সাধারণ একটি কাটা বা আঁচড় থেকেও আসতে পারে।

বিমক্রিয়া একটি চিকিৎসাগত জরুরি অবস্থা যা র তাত্ক্ষণিক চিকিৎসা হওয়া দরকার।

সংক্রমণ আছে এমন যে কোন ব্যক্তিকে অবশ্যই বিমক্রিয়া হওয়ার ঝুঁকির ব্যাপারে সতর্ক থাকতে হবে।

সংক্রমণ শুরুর প্রথম ঘটনার মধ্যেই চিকিৎসা শুরু হলে তা সবচেয়ে বেশি সফলকাম হয়।

## স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারী বা প্রথম যিনি পরিচর্যা করবেন তার প্রতি

বিষক্রিয়া বা বিষক্রিয়াজনিত অভিঘাতের চিকিৎসায় ইতিবাচক ফল তখনই পাওয়া যেতে পারে যদি দ্রুত রোগনির্ণয় ও চিকিৎসা শুরু হয়। কিছু মানুষের মধ্যে মৃদু বিষক্রিয়াও নির্ণীত হতে পারে। এই সব মানুষের ক্ষেত্রে কোন রকম অবশিষ্ট থেকে যাওয়া ক্ষতি ছাড়াই আরোগ্যলাভ সম্ভব। তবে, বিষক্রিয়া ও বিষক্রিয়াজনিত অভিঘাত এমন কিছু জটিলতা তৈরি করতে পারে যেগুলি তীব্র আকার নিতে পারে। বিষক্রিয়া ও বিষক্রিয়াজনিত অভিঘাতের জটিলতাগুলি ধ্বংসাত্মক হতে পারে। রক্তের প্রবাহ বাধাপ্রাপ্ত হওয়ার ফলে শরীরের কোন একটি অঙ্গ বিকল হয়ে যেতে পারে। শরীরের বিভিন্ন অঙ্গ ও প্রান্তভাগগুলিতে রক্তের প্রবাহ অপরিমিত হওয়ার ফলে রক্তপিণ্ড তৈরি হয়ে কোষকলার মৃত্যুর কারণ ঘটতে পারে। অঙ্গ ক্ষতিগ্রস্ত হওয়ায় মস্তিষ্ক, হৃদপিণ্ড, ফুসফুস, বৃক্ক, যকৃত বিকল হতে পারে অথবা শরীরের স্বাভাবিক ক্রিয়ার কোন একটি ব্যর্থ হতে পারে। শরীরের প্রান্তভাগগুলি ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে তা পচন সৃষ্টি করতে পারে এবং যার দরুন অঙ্গ কেটে বাদ দিতে হতে পারে।

## বিষক্রিয়ার সাধারণ উপসর্গগুলি

নিম্নোক্ত উপসর্গগুলির কয়েকটি বা সবকটিই থাকতে পারে:

- সংক্রমণ বা সংক্রমণের সম্ভাবনা থাকা
- বেশি শারীরিক তাপমাত্রা, 38.30C বা 101.30F-এর বেশি
- দ্রুত হৃদস্পন্দন, প্রতি মিনিটে ৯০ বারের বেশি স্পন্দন
- দ্রুত শ্বাসক্রিয়া, প্রতি মিনিটে ২০ বারের বেশি শ্বাস-প্রশ্বাস

আর অন্যান্য যে সব উপসর্গগুলি থাকতে পারে সেগুলি হল:

- বিহ্বলতা বা কোমা
- ফোলা ভাব, বিশেষ করে শরীরের প্রান্তভাগগুলিতে, গলায়, মুখে
- ডায়বেটিস ছাড়াই রক্তে শর্করার পরিমাণ বেশি থাকা
- কম শারীরিক তাপমাত্রা, 36C বা 97F-এর নিচে

এছাড়াও নিম্নোক্ত বৈশিষ্ট্যের উপাদানগুলিকেও রোগনির্ণয়ের প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা যেতে পারে:

- প্রাথমিক সংশোধনের স্থানে অথবা শরীরের যে কোন স্থানে প্রদাহ
- শরীরের অভ্যন্তরীণ রক্তচাপ বজায় রাখতে ব্যর্থ হওয়া যা শরীরের বিভিন্ন গুরুত্বপূর্ণ অঙ্গগুলিতে অক্সিজেন-সম্বলিত রক্তের প্রবাহ সুনিশ্চিত করে
- অঙ্গের ত্রুটিপূর্ণ ক্রিয়া, অভ্যন্তরীণ কোন অঙ্গের বিকলতা
- কোষকলায় রক্ত ছড়িয়ে পড়া, শরীরের কোন একটি অংশে অক্সিজেনের অভাব, যা অতি সহজেই আঙ্গুলে/বাছতে, পায়ের পাতায়/পায়ে দেখা যায়

বিষক্রিয়া তখনই নির্ণীত হয় যখন শরীরের কোন একটি স্থানে সংক্রমণ এবং নিম্নোক্তগুলির একটি থাকে:

- অঙ্গের ত্রুটিপূর্ণ ক্রিয়া (অস্ব-বেকলা)
- হাইপোস্লেমিয়া (শরীরের কোষকলাগুলিতে রক্ত সরবরাহে অসমর্থতা)
- গ্লিওরিয়া (মূত্রের পরিমাণে অস্বাভাবিক হ্রাস)
- ল্যাকটিক অ্যাসিডোসিস (রক্তে অক্সিজেনের মাত্রায় পতন)
- যকৃতের উতেসাকগুলিতে বৃদ্ধি (যকৃতের ত্রুটিপূর্ণ ক্রিয়া)
- গুরুমস্তিষ্কের পরিবর্তিত ক্রিয়া (বিহ্বলতা/কোমা)

## কী করতে হবে

বিষক্রিয়া তৈরি হওয়া আটকানোর ক্ষেত্রে নিবারণমূলক পদক্ষেপই হল সবচেয়ে ভাল কাজ। মানুষের উচিত তাদের শরীরের সেই সংক্রমণটি তাদের স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীকে দেখিয়ে নেওয়া যেটি কমছে না বা বাড়ছে বলে মনে হচ্ছে যেমন, লালভাব, অস্বস্তি, যন্ত্রণা, আক্রান্ত স্থানটি গরম হয়ে থাকা অথবা জ্বর/শীতভাব। আপন-র যদি কোন সংক্রমণ থেকে থাকে এবং আপনার যদি সংক্রমণ বাড়ার বা শারীরিক প্রতিক্রিয়ার অনুভূতি হয়, তাহলে সঙ্গে সঙ্গে আপনার স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীকে কল করুন বা তাকে দেখিয়ে নিন।

## পরীক্ষা-নিরীক্ষা

সংক্রমণের জন্য সাধারণ পরীক্ষাগুলি হল:

- ব্যাকটেরিয়ার উপস্থিতির জন্য মূত্র পরীক্ষা
- ব্যাকটেরিয়ার উপস্থিতির জন্য ঘা পরীক্ষা
- ব্যাকটেরিয়ার উপস্থিতির জন্য নাকের বা মুখের তরল পরীক্ষা
- ব্যাকটেরিয়ার উপস্থিতি, রক্তপিণ্ড তৈরির কারণ নির্ণয়, হৃদপিণ্ড, যকৃত ও বৃক্কের স্বাভাবিক ক্রিয়ার পরীক্ষাগুলি, অক্সিজেনেশন বা ইলেক্ট্রোলাইট জাতীয় পরীক্ষা।

## ছবির অধ্যয়ন (ইমেজিং স্টাডিজ)

অভ্যন্তরীণ অঙ্গগুলির স্বাভাবিক ক্রিয়া মূল্যায়নের জন্য শরীরের স্ক্যান করা যেতে পারে। এই স্ক্যানগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- এক্স-রে
- CT স্ক্যান (কম্পিউটারচালিত টোমোগ্রাফি)
- আলট্রাসাউন্ড



লিভা এম. স্কালজ, PhD, CRRN  
স্কুল অব হেল্থ প্রোফেশশন



International Center for Spinal Cord Injury  
at Kennedy Krieger Institute  
Research. Restoration. Recovery.

www.spinalcordrecovery.org



636 মরিস টার্নপাইক, সুইট 3A | শর্ট হিলস, NJ 07078  
ফোন: (800) 539-7309 | www.paralysis.org